



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
dae.manikchari.khagrachhari.gov.bd



নং-১২.১৮.৪৬৬৭.০০০.১৯.০০৪.২৪-৪৪৮

তারিখঃ ২৮ নভেম্বর ২০২৪খ্রি

বিসিআইসি সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

বিগত ২৬/১১/২০২৪ তারিখে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক এবং সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা' ২০০৯ অনুসারে মানিকছড়ি উপজেলার অধীন ০২ নং বাটনাতলী ইউনিয়নে ০১ (এক) জন বিসিআইসি সার ডিলার নিয়োগ দেয়া হবে। অগ্রহী প্রকৃত ব্যবসায়ীগণের নিকট হতে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তসাপেক্ষে আগামী ১১/১২/২০২৪ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, মানিকছড়ি বরাবর আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

০১। ডিলারশীপের জন্য আবেদনকারীর যোগ্যতাঃ


- আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের/উপজেলার বাসিন্দা হতে হবে ও এর প্রমাণক হিসেবে জাতীয় পরিচয় পত্র এবং ইউনিয়ন/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে।
- নিজ মালিকানায় অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়নে বিক্রয়কেন্দ্রসহ কমপক্ষে ৫০ মেঃ টন ধারণ ক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবে।
- বস্তাবন্দি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামটির ভিটি উঁচু ও পাকা থাকতে হবে।
- আবেদনকারীকে আর্থিক ভাবে স্বচ্ছল হতে হবে এবং আর্থিক স্বচ্ছলতার প্রমাণ হিসেবে তার কমপক্ষে ৫.০০ (পাঁচ) লক্ষ টাকার ব্যাংক স্বচ্ছলতার সনদ থাকতে হবে।
- ইউনিয়ন পরিষদ/পৌরসভা কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স থাকতে হবে।
- আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ বছর হতে হবে।
- ইতোপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারও ডিলারশীপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন।

০২। আবেদন জমাদানের শর্তাবলীঃ

- আবেদনকারীকে নিজ প্যাডে আবেদন করতে হবে।
- আবেদনপত্রের সঙ্গে জন্ম নিবন্ধন সনদ বা এসএসসি/সমমানের পরীক্ষার সনদ, সাম্প্রতিককালে তোলা পাসপোর্ট সাইজ ছবি ৪ (চার) কপি, ট্রেড লাইসেন্সের কপি, দোকান/ গুদামের মালিকানার দলিলাদি অথবা ভাড়ার চুক্তিনামার কপি এবং ব্যাংক স্বচ্ছলতার সনদের কপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে।
- ডিলারশীপের জন্য আবেদনকারীর ব্যবসার পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে ও তার বিবরণ (প্রমাণাদিসহ) দাখিল করতে হবে।
- আবেদনপত্রের সঙ্গে আবেদন ফি বাবদ ৫০০.০০ (পাঁচশত) টাকার পোস্টাল অর্ডার/পেঅর্ডার/ডিমান্ড ড্রাফট এর মাধ্যমে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভাপতি বরাবর জমা দিতে হবে।
- একই সাথে সংশ্লিষ্ট জেলা প্রশাসক (সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি) বরাবরে আর্নেস্ট মানি বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার পেঅর্ডার/ডিমান্ড ড্রাফট (ফেরতযোগ্য) সংযোজন করতে হবে। আবেদনপত্র যাচাইকালে কোনরূপ তথ্যগত বা দালিলিক অসত্যতা অথবা সংযোজিত কাগজপত্র ভুল বা জাল বলে প্রমাণিত হলে উক্ত আবেদনপত্র বাতিল ঘোষণা করা হবে এবং আর্নেস্টমানি বাবদ জমাকৃত ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার পেঅর্ডার/ডিমান্ড ড্রাফট বাজেয়াপ্ত করা হবে। ফলাফল প্রকাশের পর জেলা প্রশাসক অসফল আবেদনকারীদের আর্নেস্টমানি বাবদ জমাকৃত ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা দশ (১০) কর্মদিবসের মধ্যে ফেরত প্রদানের ব্যবস্থা করবেন। সফল আবেদনকারীর আর্নেস্টমানি বিসিআইসি'র সাথে চুক্তি স্বাক্ষরের পর ফেরত প্রদান করা হবে।
- সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা' ২০০৯ এ বর্ণিত অন্যান্য শর্তাবলী ও প্রযোজ্য হবে এবং এ ক্ষেত্রে কমিটির যে কোন সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৩। আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও স্থান

- আবেদনপত্র দাখিলের শেষ তারিখ: ১১/১২/২০২৪ খ্রি, বিকাল ০৫ ঘটিকা।
- আবেদনপত্র দাখিলের স্থান: উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, মানিকছড়ি, খাগড়াছড়ি।


২৮/১১/২০২৪
(জহির রায়হান)

উপজেলা কৃষি অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি
মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।